



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ২৮.০২.২০২৬

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে নবাগত শিক্ষক ও কর্মকর্তাদের জন্য দুইদিনব্যাপী ফাউন্ডেশন প্রশিক্ষণ শুরু

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার (২৮ ফেব্রুয়ারি) বিশ্ববিদ্যালয়ের ভার্সুয়াল ক্লাসরুমে সকাল সাড়ে ৯টায় শিক্ষক ও কর্মকর্তাদের জন্য এক ফাউন্ডেশন প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। এতে অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান।

রিসোর্স পারসন ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান, পাবিপ্রবি'র আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. মো. শামীম রেজা এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. সালাউদ্দিন।

অতিথিরা অনুষ্ঠানে বলেন, ‘আমাদের গুরুত্বটা ভালো হতে হবে। পদ যেমনই হোক না কেন, আমাদের কাজে সৎ, সিনসিয়ার ও সময়ানুবর্তী হতে হবে। সময়কে অত্যন্ত গুরুত্বের সাথে দেখতে হবে। ফাইল সংক্রান্ত বিষয়গুলো জানা এবং বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন সম্পর্কে অবগত থাকতে হবে। দাপ্তরিক বিষয়গুলো সম্পর্কে ভালো ধারণা থাকা এবং প্রশিক্ষণকে বাস্তবে কাজে লাগাতে হবে।

সঞ্চালনা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক ড. মো. আসফাকুর রহমান। ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের আয়োজনে প্রশিক্ষণে ২০ জন নবনিযুক্ত শিক্ষক ও কর্মকর্তা অংশগ্রহণ করেন।

২৮.০২.২০২৬

(মো. বাবুল হোসেন)

উপপরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।